

ম্নাতকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৫

(প্রথম বর্ষ, প্রথম সেমেস্টার)

বাংলা

কোর্স : পি জি - ১.৫৭

বিষয় : বাংলাদেশের উপন্যাস

সময় : দু' ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও

১০×৩=৩০

১। সৈয়দ ওয়ালীউল্লাহ-র 'কাঁদো নদী কাঁদো' উপন্যাসের আখ্যান কাঠামোয় সময়ের বহুস্তরীয় নির্মাণ লক্ষ করা যায়। উপন্যাসটি অবলম্বনে বিষয়টি স্পষ্ট করো।

১০

(অথবা)

২। সৈয়দ ওয়ালীউল্লাহ-র 'কাঁদো নদী কাঁদো' উপন্যাসে মানব মন আর নদীর বর্ণনা করা হয়েছে পরস্পরের পরিপূরক হিসেবে। তোমার পাঠ অভিজ্ঞতায় এই বক্তব্য কতদূর গ্রহণযোগ্য তা বিশ্লেষণ করো।

১০

৩। 'কাশবনের কন্যা' উপন্যাসটিকে ঔপন্যাসিক 'গদ্য গাথাকাব্য'-এর আদলে কেন লিখেছেন? তোমার উত্তরের সপক্ষে যুক্তিসহ আলোচনা করো।

১০

BNG-1420

[Turn Over]

(২)

(অথবা)

৪। 'কাশবনের কন্যা' উপন্যাসে ধর্মশাসিত ও লোকাচার পীড়িত চরিত্রগুলিকে নানাভাবে বাস্তব থেকে পালাতে হয়। এই বিষয়টিকে কি তুমি উপন্যাসের দুর্বলতা বলে মনে কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

১০

৫। 'যুদ্ধ সাহিত্য' (War Literature) বলতে কী বোঝায়? 'রাইফেল রোটি আওরাত' উপন্যাসটিকে কি 'যুদ্ধ সাহিত্য' হিসাবে পড়া যায় — যুক্তিসহ তোমার মতামত দাও।

১০

(অথবা)

৬। 'রাইফেল রোটি আওরাত' উপন্যাসে নায়ক চরিত্রের ক্রমবিবর্তিত রূপটি ঔপন্যাসিক যেভাবে উন্মোচিত করেছেন, তার মধ্যে দিয়ে উপন্যাসের নির্মাণগত কোনো শৈথিল্য কি তৈরি হয়েছে? উপন্যাস অবলম্বনে ব্যাখ্যা করো।

১০

৭। প্রদোষকালের আবর্তে আবর্তিত প্রাকৃতজনদের সংকট 'প্রদোষে প্রাকৃতজন'-এর আখ্যান-বাস্তবতায় কীভাবে শিল্পিত হয়ে উঠেছে আলোচনা করো।

১০

(অথবা)

৮। প্রকৃত নায়কের জন্য প্রাকৃতজনদের অপেক্ষা ছিল, তাদের নায়ক হিসাবে শ্যামাঙ্গের উত্থান অনিবার্য ছিল। 'প্রদোষে প্রাকৃতজন' উপন্যাস অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করো।

১০

★ ★ ★

BNG-1420

XX24(113)—55